দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 8 JAN 2009 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# টেকনিক্যাল স্কুল ও কলেজে ভর্তি প্রসঙ্গ

আগে সরকারি ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট (ভিটিআই) সমূহে ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ বেকারদের দুই বছর মেয়াদি ট্রেড কোর্স শিক্ষা দেয়া হতো। স্বল্প শিক্ষিত লোকদের কারিগরি শিক্ষালাভের জন্য এটাই ছিল অন্যতম পথ। বর্তমানে প্রতিষ্ঠানসমূহ টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি)-হিসাবে রূপান্তরিত এবং কলেজ আদলে পদবি সৃষ্টি ও জনবল নিয়োগের ফলে সাধারণ ও কারিগরি শিক্ষার সমন্বয়ে এসএসসি (ভোক) ও এইচএসসি (ভোক) যথাক্রমে সাধারণ এসএসসি ও এইচএসসি সমমানের কোর্সদ্বয় প্রায় এক যুগ ধরে চলে আসছে। ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তিসহ প্রভূত সুযোগ-সুবিধা প্রদানের পরও এ পর্যন্ত শিক্ষা ক্ষেত্রে তেমন সাড়া পাওয়া যায়নি। ২০০৮ সালে শুধু সাধারণ শিক্ষা ক্ষেত্রেই নয়, কারিগরি শিক্ষাবোর্ডের এইচএসসি (বিএম) থেকেও যখন পাসের হার প্রায় আশি শতাংশ তখন এইচএসসি (ভোক)-এর পাসের হার মাত্র তেতাল্লিশ শতাংশ আর ৬৪টি টিএসসিতে সাকুল্যে পরীক্ষার্থী সংখ্যা মাত্র দুই হাজারের সামান্য বেশি। ২০০৪ থেকে এসএসসি (ভোক)-এ দ্বিতীয় শিফ্‌ট চালু হলেও পাইকারি হারে নবম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি নিয়মিত ক্লাস না হওয়া, অধ্যক্ষ মহোদয় প্রায়ই প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকা ইত্যাদি কারণে ভালো ছাত্রছাত্রীরা দিন দিন টিএসসিসমূহে ভর্তিতে অনীহা প্রকাশ করছে। অথচ এক একজন শিক্ষক কর্মকর্তা নিয়মিত উচ্চ বেতনের সঙ্গে দ্বিতীয় শিফ্‌টের জন্য ৩০ শতাংশহারে সপ্তাহে একটা বা দুটো ক্লাস নিয়েই মাসে পাঁচ-ছয় হাজার টাকা সম্মানী ভাতা পান।

শিক্ষাক্ষেত্রে এরূপ অসম নিয়ম, তখন ২০০৯ সালের শুরু থেকে টিএসসিসমূহে প্রথম শিফ্‌ট, দ্বিতীয় শিফ্‌টের পাশাপাশি বিকাল পাঁচটা থেকে উচ্চ বাজেটে বেসিক ট্রেড কোর্স চালু করার যৌক্তিকতা কতোটুকু? খোঁজ নিয়ে জানা গেছে, বেসিক ট্রেডে প্রতি টিএসসিতে ১০০ জন ছাত্র ভর্তি হবে, প্রতি ক্লাসের জন্য প্রতি শিক্ষার্থী পাবে ৫০ টাকা এবং প্রত্যেক শিক্ষক পাবেন প্রথম শিফ্‌টের নিয়মিত বেতন। দ্বিতীয় শিফ্‌টের ভাতার অতিরিক্ত আরও ৫০০ টাকা প্রতি ক্লাসে। অষ্টম শ্রেণী উত্তীর্ণ ছাত্রছাত্রীদের পড়ালেখার মান যখন সন্তোষজনক নয় তখন অজপাড়াগাঁয়ের তৃতীয় শ্রেণী উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কী শিখবে? সরকারের টাকা পকেটস্থ করার জন্য কিতাবে সবই থাকবে কিন্তু বাস্তবে কিছুই হবে না। তাই টিএসসিসমূহে সত্যিকার কারিগরি শিক্ষার পরিবেশ গড়ে তোলার জন্য প্রথম শিফ্‌টে অষ্টম শ্রেণী থেকে প্রকৃত মেধাবী শিক্ষার্থীদের ভর্তি এবং দ্বিতীয় শিফ্‌টে আগের মতো স্বল্প শিক্ষিত বেকার যুবদের শুধুমাত্র ট্রেড কোর্স অধ্যয়নের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. আরমান উল্লাহ পাটওয়ারী,
*আশিকাঠি, বাবুরহাট, চাঁদপুর।*